গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উন্নয়ন-১ অধিশাখা
**www.sid.gov.bd**

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের অক্টোবর, ২০২৩ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন এনডিসি<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| তারিখ ও সময় | : | ১৯ নভেম্বর, ২০২৩ খ্রি. বেলা ১০.৩০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ, ব্লক-এ |
| উপস্থিতি | : | সংযোজনী-'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (উন্নয়ন-১) জনাব মো: মোস্তাফিজুর রহমান জানান, বিগত সভার কার্যবিবরণী ইতোপূর্বে সকল সদস্যের নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীতে কোনো প্রকার সংশোধন/পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর তিনি জানান, এ বিভাগের উন্নয়ন প্রকল্পের বিপরীতে মাসিক ব্যয় বিবরণী অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরের ১১টি প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ২৪৬০৩৯.৮০ লক্ষ (দুই হাজার চারশত ষাট কোটি উনচল্লিশ লক্ষ আশি হাজার) টাকা, চলতি অর্থবছরে মোট এডিপি বরাদ্দ ১৩০৭৭.০০ লক্ষ (এক শত ত্রিশ কোটি সাতাত্তর লক্ষ) টাকা এবং চলতি অর্থবছরের অক্টোবর, ২০২৩ মাস পর্যন্ত মোট ব্যয় ১১৫৬.০০ লক্ষ (এগারো কোটি ছাপ্পান্ন লক্ষ) টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে অক্টোবর ২০২৩ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৮.৮৪%। অন্যদিকে আইএমইডি এর তথ্যানুযায়ী অক্টোবর/২০২৩ পর্যন্ত এডিপি বরাদ্দের বিপরীতে জাতীয় গড় অগ্রগতির হার ১১.৫৪%।

২। সভায় প্রকল্পভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | **National Strategy for the Development of Statistics (NSDS) Implementation Support প্রজেক্ট (১ম সংশোধিত):**<br><br>প্রকল্প মেয়াদ: মার্চ ২০১৮-ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ১৩৪ কোটি ২.০০ লক্ষ টাকা (জিওবি : ১৪ কোটি ২.০০ লক্ষ টাকা,<br>প্রকল্প সাহায্য (বিশ্বব্যাংক): ১২০.০০ কোটি টাকা)।<br><br>প্রকল্প পরিচালক: জনাব মোঃ দিলদার হোসেন, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। | প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৩৬ কোটি ৯৯ লক্ষ টাকা এর মধ্যে জিওবি ৩ কোটি ৪২ লক্ষ এবং প্রকল্প সাহায্য ৩৩ কোটি ৫৭ লক্ষ টাকা। জিওবি খাতে ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ৭১ লক্ষ টাকা। অক্টোবর ২০২৩ পর্যন্ত ব্যয় ১ কোটি ৮২ লক্ষ ৪২ হাজার টাকা (জিওবি ৭৯ লক্ষ ৫৬ হাজার ও প্রকল্প সাহায্য ১কোটি ২ লক্ষ ৮৬ হাজার)। এ অর্থবছরের এডিপিতে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ৪.৯৩%।<br><br>সভাপতি আর্থিক অগ্রগতি সন্তোষজনক পর্যায়ে উন্নীত না হওয়ার কারণ জানতে চাইলে প্রকল্প পরিচালক সভায় জানান, আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত Website Development এবং ICT Plan দ্রুত চূড়ান্তকরণের পর তাদের ব্যয় নির্বাহের কাজটি চলমান আছে। তাদের ব্যয় নির্বাহের পর আর্থিক অগ্রগতি বৃদ্ধি পাবে। | ক) আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান Dev Stat কর্তৃক প্রণীত ডেলিভারেবলসমূহ ব্যবহার অবস্থা যাচাইয়ের উদ্দেশ্যে গঠিত কমিটিকে ৩০ নভেম্বর/২০২৩ এর মধ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে রিপোর্ট প্রদান করতে হবে।<br>খ) প্রকল্পটি নির্ধারিত সময়ে সমাপ্ত করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>গ) এডিপিতে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।<br>ঘ) BBS এবং KOSTAT এর মধ্যে MoU স্বাক্ষরের বিষয়ে সকল কার্যক্রম এবং আর্থিক সংশ্লিষ্ট সকল বিষয় অনুমোদিত NSDS-ISP প্রকল্পের সংস্থান অনুযায়ী বহন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন)<br>মহাপরিচালক, বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-১)<br>এবং<br>প্রকল্প পরিচালক। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভাপতি সেপ্টেম্বর/২০২৩ মাসের অনুষ্ঠিত উন্নয়ন পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুযায়ী আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান Dev Stat কর্তৃক প্রণীত ডেলিভারেবলসমূহ ব্যবহার অবস্থা যাচাইয়ের উদ্দেশ্যে গঠিত কমিটিকে গত অক্টোবর/২০২৩ তারিখের মধ্যে রিপোর্ট পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে না পারায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। তিনি আরও বলেন এ বিষয়ে উক্ত কমিটির সভাপতির অনুপস্থিতিতে কার্যক্রম যেন ব্যাহত না হয় সে বিষয়ে মহাপরিচালক, বিবিএসকে নির্দেশনা প্রদান করেন। তিনি জরুরীভিত্তিতে এবিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করেন।<br><br>প্রকল্প পরিচালক আরো জানান, পরিকল্পনা কমিশনে প্রেরিত সংশোধিত টিএপিপি স্বাক্ষরিত হয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সাথে বিবিএস এর তথ্য আদান প্রদানের লক্ষ্যে MoU স্বাক্ষরের বিষয়ে তিনি সভাকে অবহিত করেন। যুগ্মসচিব (উন্নয়ন) বলেন, BBS এবং KOSTAT এর মধ্যে আগামী ০৭ ডিসেম্বর ২০২৩ তারিখে MoU স্বাক্ষরিত হবে। তিনি signing ceremony'র সকল কার্যক্রম এবং এ সংক্রান্ত যাবতীয় ব্যয় NSDS-ISP এর সংস্থান অনুযায়ী বহন করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করেন। | | |
| ২. | **জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প (২য় সংশোধিত)**<br><br>মেয়াদ: জুলাই ২০১৯- জুন ২০২৪ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়: ১৫৭৫ কোটি ৬৮ লক্ষ ২ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক: জনাব মো. দিলদার হোসেন, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। | প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৬৭ কোটি ৩ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমান ৩৩ কোটি ৩৯ লক্ষ টাকা। অক্টোবর, ২০২৩ মাসে মোট ব্যয় ৫ কোটি ৪৩ লক্ষ ৯৬ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ৮.১২%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, আর্থ-সামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩ এর Socio-Economic & Demographic Survey এর Data Coding & Editing & Data Validation কার্যক্রম চলমান রয়েছে। ন্যাশনাল রিপোর্ট আগামী ২৬ থেকে ২৯/নভেম্বর তারিখের মধ্যে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের সুবিধাজনক সময়ে প্রকাশ করা যেতে পারে। তাছাড়া | ক) Socio-Economic & Demographic Survey Data Coding & Editing & Processing কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে।<br><br>খ) ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম চলমান রাখতে হবে।<br><br>গ) জনশুমারির ন্যাশনাল রিপোর্ট (vol-1) মাননীয় পরিকল্পনামন্ত্রীর সুবিধাজনক সময় নিয়ে প্রকাশনা অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), মহাপরিচালক বিবিএস উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জেলা রিপোর্ট/উপজেলা রিপোর্টের রাইটিং কার্যক্রম চলমান রয়েছে। শীঘ্রই পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হবে।<br>নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | | |
| ৩. | **পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প:**<br><br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০১৯- জুন ২০২৩ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়: ৪৪ কোটি ৯৭ লক্ষ ২০ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক: জনাব মোঃ রফিকুল ইসলাম, যুগ্মপরিচালক, বিবিএস। | প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৯ কোটি ৯৫ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৪ কোটি ৯৬ লক্ষ ১৫ হাজার টাকা। অক্টোবর, ২০২৩ মাসে মোট ব্যয় ১ কোটি ৬৮ লক্ষ ৩৯ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ১৬.৯২%।<br><br>সভাপতি সভায় বলেন, প্রকল্পের অনুকূলে যে ১০টি Objective রয়েছে তারমধ্যে ০৮টি Objective নিয়ে ইতোমধ্যে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে তা থেকে যে সামগ্রিক জ্ঞান অর্জন হয়েছে তা দিয়ে একটি Dissmination Workshop আয়োজন করা যেতে পারে।<br>সভাপতি আরও বলেন, প্রকল্পের কার্যক্রম চলমান রাখার স্বার্থে আলোচ্য প্রকল্পের উল্লেখযোগ্য কার্যাবলীর ধারাবাহিকতার একটি TAPP প্রণয়ন করা যেতে পারে। আর যদি উন্নয়ন সহযোগীর সাহায্য/ঋণ পেতে আরও সময় লাগে সেক্ষেত্রে জিওবি অর্থায়ণের মাধ্যমে বাস্তবায়নের জন্য একটি প্রকল্প প্রস্তাব প্রণয়নের জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, ম্যাটেরিয়াল ফুটপ্রিন্ট (এমএফ) এন্ড ডোমেস্টিক ম্যাটেরিয়াল কনজাম্পশন (ডিএমসি) অ্যাকাউন্টস এর মেথডোলজি চূড়ান্ত করে Supply and Use Table প্রস্তুতের কাজ চলমান রয়েছে। গত ১৫ নভেম্বর, ২০২৩ তারিখে স্টেকহোল্ডারদের নিয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।<br><br>প্রকল্প পরিচালক আরো জানান বাংলাদেশ এনভায়রনমেন্টাল প্রটেকশন এক্সপেন্ডিচার রিসোর্স এন্ড ওয়াস্ট ম্যানেজমেন্ট (প্রতিষ্ঠান) ২০২২ এর চূড়ান্ত প্রতিবেদন বিষয়ে বিবিএস এর এডিটরস ফোরাম কর্তৃক খসড়া | ক) প্রকল্পের অনুকূলে এডিপিতে বরাদ্দ অনুযায়ী ক্রয় পরিকল্পনা ও কর্মপরিকল্পনার আলোকে ব্যয় করতে হবে।<br><br>খ) প্রকল্পের অনুকূলে যে ১০টি Objective রয়েছে তারমধ্যে ০৮টি Objective নিয়ে ইতোমধ্যে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে তা থেকে যে অর্জিত জ্ঞান অর্জন হয়েছে সে বিষয়ে একটি Dissmination Workshop আয়োজন করতে হবে।<br>গ) প্রকল্পের কার্যক্রম চলমান রাখার স্বার্থে আলোচ্য প্রকল্পের উল্লেখযোগ্য কার্যাবলীর ধারাবাহিকতার একটি TAPP প্রণয়ন করে এ বিভাগে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রিপোর্টটি অনুমোদন ও প্রত্যয়ন প্রদান করা হয়েছে। বিবিএস এর এডিটরস ফোরামের প্রত্যয়নসহ ইতোমধ্যে এসআইডির রিপোর্ট যাচাই-বাছাই কমিটির অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। এছাড়া মিউনিসিপ্যাল ওয়াস্ট ম্যানেজমেন্ট সার্ভে (সিটি কর্পোরেশন ও পৌরসভা) ২০২২ এর চূড়ান্ত প্রতিবেদন প্রকাশিত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে। অনুমোদিত রিপোর্টটি ইতোমধ্যে বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশ (আপলোড) করা হয়েছে। | | |
| ৪. | **হাউজহোল্ড ইনকাম অ্যান্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES ২০২০-২১) প্রকল্প (১ম সংশোধিত):**<br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২০২০-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ১৪ কোটি ১২ লক্ষ ৮০ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক:<br>জনাব মহিউদ্দিন আহ্‌মেদ, এমপিএইচ উপপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। | প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৩ কোটি ৮৭ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ৬৪ লক্ষ ৭১ হাজার টাকা। অক্টোবর/ ২০২৩ পর্যন্ত মোট ব্যয় ৯৩ লক্ষ ৮৪ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ২৪.২৪%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান, কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। তিনি আরো জানান কর্মপরিকল্পনা মোতাবেক HIES ২০২২ জরিপের মূল রিপোর্ট ১৫ ডিসেম্বর/ ২০২৩ এর মধ্যে প্রকাশ করার লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি HIES ২০২২ জরিপের মূল রিপোর্ট এর খসড়া যাচাই বাছাইয়ের লক্ষ্যে নভেম্বর/২০২৩ এর শেষ সপ্তাহে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।<br>সভাপতি আরো বলেন, HIES এর ডিপিপি ডিসেম্বর/২০২৩ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে আরএডিপিতে সবুজ পাতায় অন্তর্ভুক্ত করার জন্য। | ক) HIES ২০২২ জরিপের মূল রিপোর্ট এর খসড়া যাচাই বাছাইয়ের জন্য নভেম্বর/২০২৩ এর শেষ সপ্তাহে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।<br>খ) কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।<br>গ) ১৪ ডিসেম্বর/২০২৩ এর মধ্যে মূল রিপোর্ট প্রকাশ করতে হবে।<br>ঘ) HIES এর ডিপিপি ডিসেম্বর/২০২৩ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক |
| ৫. | **শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প:**<br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০২০-জুন ২০২৫ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ১৪ কোটি ৩৬ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক:<br>মিজ্ আজিজা রহমান, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৫ কোটি ৮ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ২ কোটি ৫৩ লক্ষ ৩৪ হাজার টাকা। অক্টোবর, ২০২৩ পর্যন্ত মোট ব্যয় ৮৩ লক্ষ ৮৫ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ১৬.৫১%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান | ক) কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।<br>খ) Quartarly Estimates যথাসময়ে প্রকাশ করতে হবে।<br>গ) সঠিক তথ্য প্রকাশের ক্ষেত্রে প্রকল্প পরিচালককে আরও | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২) SID এবং প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। ২০২৩ সালের ৪র্থ ত্রৈমাসিকের (০১ অক্টোবর-৩১ ডিসেম্বর ২০২৩) তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো জানান Quartarly Estimates পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক ২৬/১০/২০২৩ তারিখে অনুমোদিত হয়েছে এবং ২৯/১০/২০২৩ তারিখে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এছাড়া ২০২২ সালের চূড়ান্ত রিপোর্ট APA এর নির্ধারিত সময়ের মধ্যে (২৫/১০/২০২৩) প্রকাশ ও ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br>সভাপতি ২০২৩ সালের শ্রমশক্তি জরিপ সংকান্ত ফ্লাইয়ার প্রকাশের ক্ষেত্রে ত্রুটি/বিচ্যুতি থাকায় অসন্তোষ প্রকাশ করেন। সঠিক তথ্য প্রকাশের ক্ষেত্রে প্রকল্প পরিচালককে আরও যত্নবান এবং দায়িত্বশীল ভূমিকা রাখার বিষয়ে পরামর্শ প্রদান করেন। পরবর্তীতে যদি এরকম ত্রুটিপূর্ণ তথ্য প্রকাশ করা হয় তাহলে প্রকল্প পরিচালকের বিরুদ্ধে কারণ দর্শানোসহ যেকোন ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে নির্দেশনা প্রদান করে। | দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। পরবর্তীতে এরকম ত্রুটিপূর্ণ তথ্য প্রকাশ করা হলে, সেক্ষেত্রে প্রকল্প পরিচালকের বিরুদ্ধে কাজের প্রতি অবহেলার কারণে কারণদর্শানোসহ বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | |
| ৬. | **খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২:**<br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২২-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়: ৫ কোটি ১০ লক্ষ ৩২ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক:<br>জনাব আব্দুল হালিম, যুগ্মপরিচালক, বিবিএস। | প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১ কোটি ৬৬ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৮২ লক্ষ ৫৪ হাজার টাকা। অক্টোবর ২০২৩ পর্যন্ত মোট ব্যয় ২৭ লক্ষ ৪৮ হাজার টাকা। এডিপিতে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ১৬.৫৫%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান FBS/SUA বিষয়ক ৩য় পর্যায়ের ০৪ (চার) দিনব্যাপী প্রশিক্ষণ ০২-০৫ অক্টোবর/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। এ সংক্রান্ত রিপোর্ট রাইটিং কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো জানান HIES এর FIES Module এর সাথে Findings এর Consistency চেক করা হবে। এছাড়া প্রকল্পের বিভিন্ন অঙ্গের মধ্যে আন্ত:অঙ্গ ব্যয় সমন্বয়ের নিমিত্ত এ বিভাগ থেকে পরিকল্পনামন্ত্রী মহোদয়ের নিকট প্রেরিত সারসংক্ষেপ অনুমোদিত হয়েছে।<br><br>সভাপতি প্রকল্পটির PCR প্রণয়নের ক্ষেত্রে প্রয়োজনীয় উদ্যোগ নেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। | ক) আর্থিক অগ্রগতি সন্তোষজনক পর্যায়ে উন্নীতকরণ করতে হবে।<br><br>খ) ডিসেম্বর/২০২৩ এর মধ্যে প্রকল্পটি সমাপ্ত করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে।<br><br>গ) রিপোর্ট প্রকাশনার পূর্বে FIES এর মূল ইন্ডিকেটরসমূহ HIES সংশ্লিষ্ট ইন্ডিকেটর এর সাথে Consistency চেক করতে হবে।<br><br>ঘ) প্রকল্পটির PCR প্রণয়নের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID,<br>মহাপরিচালক, বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-২)<br>এবং<br>প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | **স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্প:**<br><br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০২১- ডিসেম্বর ২০২৩ পর্যন্ত<br><br>প্রাক্কলিত ব্যয়: ৪৯ কোটি ৫৭ লক্ষ টাকা (জিওবি)<br><br>প্রকল্প পরিচালক:<br>জনাব মো. আলমগীর হোসেন, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৫ কোটি ১৯ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ২৯ লক্ষ ৬৫ হাজার টাকা। অক্টোবর, ২০২৩ মাস পর্যন্ত মোট ব্যয় ৫৬ লক্ষ ০৬ হাজার টাকা। এডিপিতে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ১০.৮০%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুসরণ করে প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি চলমান রয়েছে। আগস্ট ২০২৩ মাসে সংঘটিত জনঘটনাসমূহ জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন, বহির্গমন ও গর্ভাবস্থা রেজিস্ট্রার তফসিলের মাসিক তথ্য সংগ্রহ কার্যক্রম সেপ্টেম্বর/২০২৩ মাস পর্যন্ত তথ্য সংগ্রহ শেষ হয়েছে। তিনি আরো জানান ভ্যালিডেশন জরিপ (জানুয়ারি-জুন) প্রথম পর্বের তথ্য সংগ্রহ কার্যক্রম শেষ হয়েছে।<br>জনাব এস এম শাকিল আখতার, যুগ্মসচিব (পরিকল্পনা) সভায় জানান, তিনটি প্রকল্প প্রাতিষ্ঠানিকরণের বিষয়ে পরিকল্পনামন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত ডিও পত্র অর্থমন্ত্রী বরাবর প্রেরণ করা হলে অর্থ বিভাগ থেকে তিনটি প্রকল্পের কার্যক্রমের কার্যপরিধি জানতে চাওয়া হয়। সেপ্রেক্ষিতে এবিভাগের পরিকল্পনা অধিশাখার উপসচিব ও প্রকল্প পরিচালক, SVRS একটি Power point presentation গত ১৯/১১/২০২৩ তারিখে অর্থবিভাগে উপস্থাপন করেন। এ বিষয়ে অর্থবিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ক) এ প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের ক্ষেত্রে মনিটরিং ব্যবস্থা আরও জোরদার করতে হবে।<br><br>খ) সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুসরণ করে প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি ত্বরান্বিত করতে হবে।<br><br>গ) SVRS-2022 এর রিপোর্ট দ্রুত প্রকাশ করতে হবে।<br><br>ঘ) প্রকল্পের কার্যক্রম প্রাতিষ্ঠানিকরণের বিষয়ে অর্থবিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন)<br>SID,<br>মহাপরিচালক বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-২)<br>এবং<br>প্রকল্প পরিচালক |
| ৮. | Intergating Geospatial Information with Gender & Vital Statistics in BBS শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প<br>প্রকল্প মেয়াদ: এপ্রিল ২০২৩- ডিসেম্বর ২০২৬ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ১২ কোটি ১৮ লক্ষ ৫ হাজার টাকা (জিওবি: ১ কোটি ২৭ লক্ষ ৯ হাজার টাকা<br>প্রকল্প সাহায্য (UNFPA): ১০ কোটি ৯০ লক্ষ ৯৬ হাজার টাকা) | প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরে বরাদ্দবিহীনভাবে অনুমোদিত হওয়ায় এখনো অর্থ বরাদ্দ পাওয়া যায়নি।<br><br>প্রকল্প পরিচালক জানান অর্থ বরাদ্দের জন্য পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের চাহিদার প্রেক্ষিতে ডিপিএ অংশের অর্থ বরাদ্দের জন্য ইআরডি'র সম্মতি পাওয়া গেছে। তিনি আরো জানান, জরিপের CAPI Software এর মাঠ পর্যায়ে Pretest কার্যক্রমের প্রস্তুতি চলমান রয়েছে। এছাড়া VAW | ক) কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম আরম্ভ করতে হবে।<br><br>খ) ডিপিএ অংশের অর্থ বরাদ্দের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন)<br>SID,<br>মহাপরিচালক বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-২)<br>এবং<br>প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রকল্প পরিচালক:<br>জনাব ইফতেখাইরুল করিম, উপপরিচালক, বিবিএস। | 2023 জরিপের তথ্য সংগ্রহের কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে ইতোমধ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণের তালিকা প্রস্তুতের কাজ চলমান রয়েছে। দ্রুত সময়ে প্রশিক্ষণের কার্যক্রম শুরু করা হবে। তাছাড়া BBS এ সংরক্ষিত মৌজার সংখ্যা ও নামের বানানের সাথে DLRS এর মৌজার সংখ্যা ও নামের বানানের মধ্যে সমন্বয়করণ কার্যক্রম ইতোমধ্যে ৫০% কাজ সম্পন্ন হয়েছে। অতি দ্রুততম সময়ে অবশিষ্ট কাজ শেষ করা হবে। | | |
| ৯. | এসডিজি ডাটা রিপোর্টিং সমন্বয়ের নিমিত্ত জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধিকরণ শীর্ষক কারিগরি প্রকল্প<br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০২৩-জুন ২০২৬ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৬ কোটি ৩১ লক্ষ ৫৯ হাজার টাকা (জিওবি)<br>প্রকল্প পরিচালক:<br>জনাব মোঃ মাহবুবুল আলম সিদ্দিকী, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। | প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১ কোটি টাকা (সম্পূর্ণ জিওবি)। এখনও ছাড় হয়নি।<br>প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পটির গত ৩১/১০/২০২৩ তারিখে আলোচ্য প্রকল্পের অনুকূলে ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে "বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা" খাত থেকে ১০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে উক্ত বরাদ্দকৃত অর্থের সমুদয় অর্থ (১ম-৪র্থ কিস্তির বাবদ) ছাড়ের নিমিত্ত পরিকল্পনা কমিশন ও অর্থ বিভাগে গত ০৮/১১/২০২৩ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান অর্থ ছাড়ের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। সভাপতি আগামী ডিসেম্বরে NDCC সভা আয়োজনের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | ক) কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের সকল কার্যক্রম আরম্ভ করতে হবে।<br>খ) পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>গ) আগামী ডিসেম্বরে NDCC সভা আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID,<br>যুগ্মসচিব (উন্নয়ন) SID,<br>উপসচিব (উন্নয়ন-১) এবং<br>প্রকল্প পরিচালক |
| ১০. | ত্রৈমাসিক মোট দেশজ উৎপাদ (QGDP) এবং জেলা ভিত্তিক মোট দেশজ উৎপাদ (DGDP) উন্নয়ন শীর্ষক প্রকল্প<br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০২৩-জুন ২০২৬ পর্যন্ত<br>প্রকল্প পরিচালক:<br>জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম<br>উপপরিচালক, বিবিএস। | প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ১৩/০৯/২০২৩ তারিখে অনুমোদিত হয়েছে এবং গত ২৪/০৯/২০২৩ তারিখ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ থেকে প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে। প্রকল্পটির অনুকূলে অর্থনৈতিক কোড পাওয়া গেছে।<br>প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পটির অনুকূলে এ অর্থবছরে বরাদ্দের বিষয়ে পরিকল্পনা কমিশনে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | ক) অর্থ বরাদ্দের বিষয়ে পরিকল্পনা কমিশন/অর্থবিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>খ) কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের সকল কার্যক্রম আরম্ভ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID,<br>মহাপরিচালক বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-১) এবং<br>প্রকল্প পরিচালক |
| ১১. | অর্থনৈতিক শুমারি-২০২৩ শীর্ষক প্রকল্প<br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০২৩-ডিসেম্বর ২০২৫ পর্যন্ত<br>প্রকল্প পরিচালক:<br>জনাব এস এম শাকিল আখতার<br>যুগ্মসচিব, পরিসংখ্যান ও তথ্য | প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ১৩/০৯/২০২৩ তারিখে অনুমোদিত হয়েছে এবং গত ২৪/০৯/২০২৩ তারিখ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ থেকে প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে। প্রকল্পটির অনুকূলে অর্থনৈতিক কোড পাওয়া গেছে। | ক) কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের সকল কার্যক্রম আরম্ভ করতে হবে।<br>খ) অর্থ বরাদ্দের বিষয়ে পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID,<br>মহাপরিচালক বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-২) এবং<br>প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| | ব্যবস্থাপনা বিভাগ। | প্রকল্প পরিচালক আরো বলেন, প্রকল্পটির অনুকূলে এ অর্থবছরে বরাদ্দের বিষয়ে পরিকল্পনা কমিশনে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | | |

**০৩। ২০২৩-২০২৪ অর্থ বছরে অননুমোদিত প্রকল্পসমূহঃ**

| ক্রঃনঃ | প্রকল্পের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | National Statistical Data Warehouse and big data Analysis Platform<br><br>প্রস্তাবিত ব্যয়:<br>৯.৬৪ মিলিয়ন US$ (বৈদেশিক সাহায্য ৯.৪০ মিলিয়ন US$ এবং জিওবি ০.২৪ মিলিয়ন US$)।<br><br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা:<br>জনাব মো: রফিকুল ইসলাম, সিস্টেম এনালিস্ট<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। | উপসচিব, পরিকল্পনা অধিশাখা জানান, গত ১৮-০৫-২০২৩ তারিখে দুপুর ১২.০০ ঘটিকায় KOICA'র প্রতিনিধি দলের সাথে র‌্যাপআপ মিটিং অনুষ্ঠিত হয়েছে। KOICA'র ১৪-০৮-২০২৩ তারিখের পত্রের প্রেক্ষিতে SID থেকে ২০-০৮-২০২৩ তারিখে অনাপত্তিপত্র Country Director বরাবর প্রেরণ করা হয়েছে। ১৮-০৯-২০২৩ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এ আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। ০২-১০-২০২৩ তারিখে KOICA Country Head. Bangladesh ও SID এর সচিব মহোদয়ের সাথে প্রকল্পের বিষয়ে পর্যালোচনা সভা হয়েছে ২৬/১০/২০২৩ তারিখে প্রকল্পের TAPP এর যাচাই-বাছাই কমিটির সভা হয়েছে। ০২/১১/২০২৩ তারিখ TAPP পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID। |

**৪.০। বিবিধ:**

| ক্রঃ নঃ | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | **উন্নয়ন প্রকল্পসমূহের ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও সভায় উপস্থাপন** | বিবিএস এর উন্নয়ন প্রকল্পসমূহের ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও উপস্থাপন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ প্রসংগে সভাপতি প্রকল্পগুলোর মাসভিত্তিক কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা ও অর্জন সংক্রান্ত তথ্যাদি সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | সকল প্রকল্প পরিচালক-কে সভা অনুষ্ঠানের নির্ধারিত সময়ের পূর্বেই নিজ নিজ প্রকল্পের মাসভিত্তিক i) কর্মপরিকল্পনা ও অর্জন এবং ii) ২০২৩-২৪ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ও অর্জন সংক্রান্ত তথ্যাদি প্রকল্প পরিচালকের স্বাক্ষরসহ পূর্ণাঙ্গ প্রস্তাব নির্ধারিত সময়ে পূরণ করে উন্নয়ন-১ অধিশাখায় প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), মহাপরিচালক, বিবিএস উপসচিব (উন্নয়ন-১) ও প্রকল্প পরিচালক (সকল) |
| ২. | **এডিপি/আরএডিপি বাস্তবায়ন** | ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ে সভাপতি অসন্তোষ প্রকাশ করে লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে তৎপর থাকার নির্দেশনা প্রদান করেন। | উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি হার (আর্থিক ও বাস্তব) ত্বরান্বিত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহাপরিচালক, বিবিএস উপসচিব (উন্নয়ন-১/২) ও প্রকল্প পরিচালক (সকল), বিবিএস |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | **নির্ধারিত মেয়াদে প্রকল্প সমাপ্তকরণ** | সভাপতি বিবিএস এ বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ অনুমোদিত ডিপিপি/টিএপিপি অনুযায়ী নির্ধারিত মেয়াদে সমাপ্তকরণের উপর গুরুত্বারোপ করে যথাসময়ে প্রকল্প সমাপ্তির নির্দেশনা প্রদান করেন। ২০২৩-২০২৪ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্ত নতুন অননুমোদিত প্রকল্পসমূহ প্রক্রিয়াকরণ ও অনুমোদনের উপর গুরুত্বারোপ করা হয়। | এডিপিভুক্ত এ বিভাগের যেসকল প্রকল্প সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে সেসকল প্রকল্প নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে। ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প অনুমোদন প্রক্রিয়াকরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম আরও বেগবান রাখতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), মহাপরিচালক, বিবিএস, উপসচিব (পরিকল্পনা অধিশাখা) ও প্রকল্প পরিচালক (সকল) বিবিএস |
| ৪. | **প্রকাশনা বিষয়ে পর্যালোচনা সভা** | সভাপতি সভায় বলেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ৮টি উইংয়ের ৮জন পরিচালককে বিবিএস হতে প্রকাশিত বিভিন্ন উইং এর বিভিন্ন রিপোর্ট উক্ত প্রকাশনার কোন কার্যক্রম তার উইংয়ের সাথে সম্পৃক্ততা রয়েছে কিনা ইত্যাদি বিষয়ে পর্যালোচনাসহ আগামী উন্নয়ন পর্যালোচনা সভায় একটি Power point presentation উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ৮টি উইংয়ের ৮জন পরিচালককে বিবিএস হতে প্রকাশিত বিভিন্ন প্রকাশনার কোন কার্যক্রম তার উইংয়ের সাথে সম্পৃক্ততা রয়েছে কিনা ইত্যাদি বিষয়ে পর্যালোচনাসহ আগামী উন্নয়ন পর্যালোচনা সভায় একটি Power point presentation পর্যায়ক্রমে উইংভিত্তিক (৩টি করে উইং) উপস্থাপন করতে হবে। | মহাপরিচালক, বিবিএস, ও পরিচালক (সকল) বিবিএস |

০৫। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22.১১.০৩

(ড. শাহনাজ আরেফিন এনডিসি)
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

## ১৯/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র উন্নয়ন প্রকল্পসমূহের অক্টোবর/২০২৩ মাসের অগ্রগতি পর্যালোচনা সভায় উপস্থিত কর্মকর্তাগণের স্বাক্ষরঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | টেলিফোন/মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | ফারুক আহমেদ<br>অতিরিক্ত সচিব (বাঃ) | SID | | [signature] ১৯/১১/২০২৩ |
| ২। | মোহাম্মদ মিজানুর রহমান<br>মহাপরিচালক | BBS | 01743476157 | [signature] |
| ৩। | দেবদুলাল ভট্টাচার্য্য<br>যুগ্মসচিব (বাজেট) | SID | 01717740919 | [signature] ১৯.১১.২০২৩ |
| ৪। | এস এম শাকিল আখতার<br>যুগ্মসচিব | SID | 01711256688 | [signature] ১৯.১১.২০২৩ |
| ৫। | মাহমুদুর রহমান<br>যুগ্মসচিব | SID | 01719765469 | [signature] |
| ৬। | দীপংকর রায়<br>যুগ্মসচিব | SID | 01731363039<br>dr.roy.rd@gmail.com | [signature] |
| ৭। | মোঃ দিলদার হোসেন<br>প্রকল্প পরিচালক | NSDS-ISP & PHC-2021 | 01715301843<br>dilderbbsbd@gmail.com | [signature] 19.11.2023 |
| ৮। | জেসমিন আকতার<br>উপসচিব | SID | 01727750168 | [signature] ১৯/১১/২৩ |
| ৯। | আলাউদ্দিন আল আজাদ<br>পরিচালক | বিবিএস | 01712843330 | [signature] ১৯/১১/২০২৩ |
| ১০। | কবির উদ্দিন আহমেদ<br>পরিচালক | বিবিএস | 01711022636 | [signature] |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | টেলিফোন/মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১১। | মো: এমদাদুল হক<br>পরিচালক | বিবিএস | 01712041178<br>emdad1972@yahoo.com | |
| ১২। | মো: মাহবুবুল আলম সিদ্দিকী, উপসচিব | SID | 01718271078 | |
| ১৩। | মোহাম্মদ আরিফুল ইসলাম, ডিডি ও পিডি, ECDS প্রকল্প | বিবিএস | 01718516177<br>dalimmbs@yahoo.com | |
| ১৪। | রাশেদ-ই-মাস্তাহাব<br>উপপরিচালক | বি.বি.এস | 01816473048<br>rashedmastahub@gmail.com | |
| ১৫। | তৈয়বা বেগম<br>অতিরিক্ত সচিব | SID | 01716228698 | |
| ১৬। | [illegible]<br>ডি.ডি | বিবিএস | 01711905250 | |
| ১৭। | মো. আলমগীর হোসেন<br>প্রকল্প পরিচালক<br>SVRS | বিবিএস | ০১৭৮৯৯৪৪৯৪৪ | |
| ১৮। | ইফতেখাইরুল করিম<br>উপপরিচালক ও প্রকল্প পরিচালক | বিবিএস | 01718439109<br>iftekharbbs@gmail.com | |
| ১৯। | ফারহানা সুলতানা<br>SVS | বিবিএস | 01781656775<br>farhanasultana66@gmail.com | |
| ২০। | আজিজা রহমান<br>ডিডি ও পিডি | বিবিএস | 01715640640<br>r.aziza9@gmail.com | |
| ২১। | মো: মিজানুর রহমান<br>উপপরিচালক | বিবিএস | 01911 936302<br>mizanstat@gmail.com | |
| ২২। | মহিউদ্দিন আহমেদ<br>প্রকল্প পরিচালক | HIES 2020-24 Project, BBS | 01711952333 | |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | টেলিফোন/মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২৩। | মো: আব্দুল হালিম<br>যুগ্ম-পরিচালক | বিবিএস | 01717-250549<br>bbs.halim@gmail.com | |
| ২৪। | মোঃ রফিকুল ইসলাম<br>প্রকল্প পরিচালক | বিবিএস | 01712-41750<br>rafiqbbs25@gmail.com | |
| ২৫। | শেখ মাসুদুর রহমান<br>উপ সচিব ([illegible]) | SID | 01916481664 | |
| ২৬। | মির্জা মোঃ আশরাফুল [illegible]<br>AME | SID | 01554321075 | |
| ২৭। | মো: মোস্তাফিজুর রহমান<br>DS | SID | 01914878320<br>accsmonfur@yahoo.com | |
| ২৮। | | | | |
| ২৯। | | | | |
| ৩০। | | | | |
| ৩১। | | | | |
| ৩২। | | | | |
| ৩৩। | | | | |
| ৩৪। | | | | |